# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রশাসন ভবন, ১১৬/খ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ০২-৮৮৭০১৯৪,০১৬৭৬০৮৬৬৩০ ফ্যাক্স: ৮৮৭০৭২৮

E-mail: purchasedhaka@bitac.gov.bd, Website: http://www.bitac.gov.bd


নং-৩৬.০৬.২৬৯২.০২৬.৩৭.০২.২১/১১৮৩ তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৮ ব: / ৩০ জুন, ২০২১ ইং

## সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি/নবায়ণের সময় বর্ধিতকরণের বিজ্ঞপ্তি

বিষয়ঃ সীমিত দরপত্র পদ্ধতিতে অভ্যন্তরীণ ক্রয়ের জন্য বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর সদর দপ্তরে পণ্য সরবরাহকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠান (বিদ্যমান ও নতুন) তালিকাভুক্তি সময়বর্ধিত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৩-০৬-২০২১ ইং তারিখের নং-৩৬.০৬.২৬৯২.০২৬.০৭.০১৬.২১/১১৮৩ সংখ্যক স্মারকে ২০২১-২২ অর্থবছরের জন্য বিদ্যমান ঠিকাদার নবায়ন এবং নতুন ঠিকাদার তালিকাভূক্তির নিমিত্তে আবেদন ফরম আহবান করা হয়। আবেদন ফরম বিক্রয়ের সর্বশেষ তারিখ:০১-০৭-২০২১ ইং এবং আবেদন গ্রহণ ও খোলার সর্বশেষ তারিখ: ০৪-০৭-২০২১ ইং, বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত ছিল। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩, তারিখ: ৩০ জুন ২০২১ ইং মোতাবেক করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে সকল সরকারি, স্বায়ত্বশাসিত, বেসরকারি অফিস সমূহ বন্ধ রাখার নির্দেশনা দেয়া হয়েছে। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়টি বিবেচনা পূর্বক ২০২১-২২ অর্থবছরের বিদ্যমান ঠিকাদার নবায়ন এবং নতুন ঠিকাদার তালিকাভূক্তির জন্য আবেদন ফরম বিক্রয়ের সময়সীমা লকডাউন শিথিল পরবর্তী ১ (এক) কার্যদিবস এবং আবেদন গ্রহণ ও খোলার সময়সীমা লকডাউন শিথিল পরবর্তী ৩ (তিন) কার্যদিবস পর্যন্ত বর্ধিত করা হলো। আবেদন ফরম জমা দানের প্রয়োজনীয় নির্দেশনা ও বিজ্ঞপ্তির বিস্তারিত বর্ণনা বিটাক এর ওয়েবসাইট http://www.bitac.gov.bd তে পাওয়া যাবে।
উল্লেখ্য যে, কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ অথবা বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

( মোঃ মোস্তাফিজুর রহমান পাবেল )
ক্রয় কর্মকর্তা
বিটাক, ঢাকা
পক্ষে-মহাপরিচালক।

# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


প্রশাসন ভবন, ১১৬/খ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ০২-৮৮৭০১৯৪, ০১৬৭৬০৮৬৬৩০ ফ্যাক্স: ৮৮৭০৭২৮

E-mail: purchasedhaka@bitac.gov.bd, Website: http://www.bitac.gov.bd


নং- ৩৬.০৬.২৬৯২.০২৬.৩৭.০২.২১/১১৮৩

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৮ ব:
৩০ জুন, ২০২১ ইং

## সীমিত দরপত্র পদ্ধতিতে (এলটিএম) মালামাল সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ণের সময় বর্ধিতকরণের বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), প্রধান কার্যালয় এর ক্রয় বিভাগ কর্তৃক সীমিত দরপত্র পদ্ধতিতে (এলটিএম) মালামাল/যন্ত্রাংশ ক্রয়/সংগ্রহের লক্ষ্যে আগামী ০১(এক) বছরের জন্য ৩টি গ্রুপে প্রকৃত ব্যবসায়ী, সরবরাহকারী ও প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্তি/নবায়ণের জন্য এতদ্বারা নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

নতুন আবেদনকারীগণকে প্রতি গ্রুপের জন্য নগদ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের আবেদন ফরম ক্রয় করে ক্রয়ের মানি রিসিপ্ট, অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র এবং তালিকাভুক্তি ফি বাবদ বিটাক-এর অনুকূলে প্রতি গ্রুপে ৫,০০০/- টাকার সাথে ভ্যাট ও ট্যাক্স (১৫+১০) = ২৫% সহ সর্বমোট (৫,০০০+১,২৫০) = ৬,২৫০/- (ছয় হাজার দুইশত পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) সংস্থার প্রধান কার্যালয়ের হিসাব বিভাগের ক্যাশ শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক মানি রিসিপ্ট সংগ্রহ করে অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদনপত্র দাখিল করতে হবে।

অপরদিকে, যে সকল প্রতিষ্ঠান বর্তমানে তালিকাভুক্ত আছে তাঁদের মধ্যে নবায়ণে ইচ্ছুক প্রতিষ্ঠানসমূহকে প্রতি গ্রুপের জন্য নগদ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের আবেদন ফরম ক্রয় করে ক্রয়ের মানি রিসিপ্ট, অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র এবং তালিকাভুক্তির নবায়ণ ফি বাবদ বিটাক এর অনুকূলে প্রতি গ্রুপে ২,০০০/- টাকার সাথে ভ্যাট ও ট্যাক্স (১৫+১০) = ২৫% সহ সর্বমোট (২,০০০+৫০০) = ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) সংস্থার প্রধান কার্যালয়ের হিসাব বিভাগের ক্যাশ শাখায় নগদ জমা প্রদান পূর্বক মানি রিসিপ্ট ও হালনাগাদ সকল কাগজপত্রসহ স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে তালিকাভুক্তি হালনাগাদকরণের আবেদন করতে পারবে। নবায়ণ ফি জমা দেওয়ার মানি রিসিপ্টসহ তালিকাভুক্তি হালনাগাদকরণের আবেদনপত্র জমা না দিলে পূর্বের তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।

নতুন ও নবায়ণ উভয় আবেদন নিম্নোক্ত তারিখ, সময় ও স্থানে দাখিল করতে হবে। নতুন আবেদনপত্রের ক্ষেত্রে “নতুন”, নবায়নের ক্ষেত্রে “নবায়ণ” এবং “গ্রুপের” নাম (ক/খ/গ) খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ০১। | আবেদন বিক্রয়ের সর্বশেষ তারিখ | : | লকডাউন শিথিল পরবর্তী ১ (এক) কার্যদিবস । সময় (৯:০০-৫:০০ঘটিকা পর্যন্ত)। |
| ০২। | আবেদনপত্র গ্রহণ এবং বন্ধের সর্বশেষ তারিখ ও সময় | : | লকডাউন শিথিল পরবর্তী ৩ (তিন) কার্যদিবস ।সময় বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৩। | আবেদনপত্র খোলার তারিখ ও সময় | : | লকডাউন শিথিল পরবর্তী ৩ (তিন) কার্যদিবস।সময় বেলা ১২:৩০ ঘটিকাপর্যন্ত । |
| ০৪। | আবেদন ফরম বিক্রয়ের স্থান | : | লকডাউন শিথিল পরবর্তী ১ (এক) কার্যদিবস। নিম্নোক্ত কার্যালয় অফিস চলাকালীন সময়। হিসাব বিভাগের ক্যাশ শাখা, প্রধান কার্যালয়, বিটাক, ১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। |
| ০৫। | আবেদনপত্র জমার স্থান | : | ক্রয় বিভাগ, বিটাক, ১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। |
| ০৬। | আবেদনপত্র খোলার স্থান | : | ক্রয় বিভাগ, বিটাক, ১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। |
| ০৭। | নতুন আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র দাখিল করতে হবে | : | (ক) সকল আবেদনকারী প্রতিষ্ঠানের নিজ নামে ট্রেড লাইসেন্স ও আয়কর সনদ হালনাগাদ (চলতি অর্থ বছরের) দাখিল করতে হবে এবং ভ্যাট (VAT) রেজিস্ট্রেশন সনদ ও হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদপত্র দাখিল করতে হবে। |
| ০৮। | নবায়ণ আবেদনকারীদের ক্ষেত্রে যে সকল কাগজপত্র দাখিল করতে হবে | : | (ক) প্রতিষ্ঠানের নিজ নামে ট্রেড লাইসেন্স ও আয়কর সনদ হালনাগাদ (চলতি অর্থ বছরের) দাখিল করতে হবে এবং ভ্যাট (VAT) রেজিস্ট্রেশন সনদ ও হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদপত্র এবং গত বছরের তালিকাভুক্তি পত্রের কপি দাখিল করতে হবে। |

০৯। মালামালের ধরণ অনুযায়ী গ্রুপ ভিত্তিক বিবরণ:

| মালামাল/যন্ত্রাংশ সমূহের বিবরণ | | সরবরাহের স্থান |
|---|---|---|
| গ্রুপ - ক) | এমএস/ এসএস প্লেট, এ্যাংগেল, পাইপ, ধাতব কাঁচামাল সহ বিভিন্ন ধরনের লৌহ সামগ্রী, হার্ডওয়্যার, টুলস্, বিভিন্ন ধরনের মেশিনারিজ, যন্ত্রাংশ প্রস্তুতকরণ, মেরামত ও সরবরাহ, যানবাহনের জন্য প্রয়োজনীয় অটো পার্টস সরবরাহ ও মেরামত, পেট্রোল, তেল, লুব্রিকেন্ট, রং, কেমিক্যাল, কাঠ জাতীয় দ্রব্যাদি, ফিটিংস সামগ্রী, অগ্নি নির্বাপক যন্ত্র সরবরাহ, রিফিলিং ও মেরামত এবং বিবিধ ইত্যাদি। | অত্র সংস্থার গুদাম বিভাগ অথবা সংস্থার প্রয়োজনে অন্য যে কোন কার্যালয়ে বা ক্রয়াদেশে বর্ণিত স্থানে মালামাল সরবরাহ করতে হবে। |
| গ্রুপ - খ) | কম্পিউটার মনিটর, প্রিন্টার, ইউপিএস, স্ক্যানার, প্রজেক্টর ক্রয়/মেরামত, আইসিটি সামগ্রী এ সংক্রান্ত যন্ত্রপাতি সরবরাহ ও মেরামত, অফিস সরঞ্জামাদি (টিভি, ফটোকপিয়ার, ফ্যাক্স, টেলিফোন সেট, পিএবিএক্স সেট, বৈদ্যুতিক সামগ্রী, এয়ার কন্ডিশনার ক্রয় / মেরামত এবং কম্পিউটার/ ফটোকপিয়ার/ ফ্যাক্স মেশিনের টোনার (কালি) ক্রয়, আসবাবপত্র সরবরাহ ও মেরামত, গবেষণা, উদ্ভাবনী, সফটওয়্যার ইত্যাদি। | |
| গ্রুপ - গ) | ষ্টেশনারী সামগ্রী, মুদ্রণ ও প্রকাশনা, ইউনিফর্ম (পোষাক), জুতা, ইভেন্ট ম্যানেজমেন্ট, বিভিন্ন সভা/ সেমিনার ও অনুষ্ঠানে খাদ্যদ্রব্য সরবরাহ, প্রশিক্ষণ সংক্রান্ত মালামাল সমূহ ইত্যাদি। | |

১০। অন্যান্য শর্তাবলী:-

ক) আবেদনপত্র খোলার তারিখ কোন আবেদনপত্র বিক্রয় করা হবে না।

খ) আবেদনপত্র ডাকযোগে বিক্রয় বা গ্রহণ করা হবে না।

গ) আবেদনপত্রের সাথে ডকুমেন্টের ফটোকপি হিসেবে দাখিলকৃত সকল কাগজপত্র ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

বিঃদ্র: ⇨ তালিকাভুক্তির জন্য চূড়ান্ত নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ জাতীয় e-GP পোর্টালে রেজিস্ট্রেশন সম্পন্ন করবে।

⇨ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সংখ্যক/ সকল সংখ্যক আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

( মোঃ মোস্তাফিজুর রহমান পাবেল )
ক্রয় কর্মকর্তা
বিটাক, ঢাকা
পক্ষে-মহাপরিচালক।